# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
*এসএমই বিভাগ*
**www.krishibank.org.bd**

নং-বিকেবি-প্রকা/এসএমই বিঃ(শাখা-১)-৭(৮)/সিজিএস/২০২৪-২০২৫/০৮ তারিখঃ ০৩/০৭/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) এবং আর্থিক অন্তর্ভুক্তি খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধার বিপরীতে গ্যারান্টি ফি প্রসঙ্গে।

সূত্র নং ঃ বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টের সিজিডি সার্কুলার লেটার নং-০১, তারিখ: ০১.০৭.২০২৪।

মহোদয়,

বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি প্রদান সংক্রান্ত সিজিডি সার্কুলার নং-০১/২০২৩ এ উল্লিখিত ক্রেডিট গ্যারান্টি ফি সংক্রান্ত অনুচ্ছেদ ৪.৬(ক) ও (খ) এর মাধ্যমে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট ও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক অংশগ্রহণ চুক্তির আওতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বাৎসরিক ভিত্তিতে প্রদেয় গ্যারান্টি ফি সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।

০২। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, ধনী-দরিদ্র ও আঞ্চলিক বৈষম্য হ্রাস, নারীর ক্ষমতায়নসহ অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকরণে সিএমএসএমই ও আর্থিক অন্তর্ভুক্তি খাত গুরুত্বপূর্ণ অবদান রাখছে। সিএমএসএমই ও আর্থিক অন্তর্ভুক্তি খাতের উদ্যোক্তাদের মাঝে ক্রেডিট গ্যারান্টি সুবিধা অধিকতর ব্যয় সাশ্রয়ী ও সহজলভ্য করার লক্ষ্যে গ্যারান্টি সুবিধার বিপরীতে প্রদেয় ফি হ্রাস করার আবশ্যকতা পরিলক্ষিত হয়েছে।

০৩। এক্ষণে বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট কর্তৃক সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে যে, ক্রেডিট গ্যারান্টি স্কিমে অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে গ্যারান্টি রেজিস্ট্রেশনপ্রাপ্ত ঋণের উপর প্রথম এক বছরের জন্য ০.৫০ শতাংশ হারে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। গ্যারান্টি চলমান থাকা সাপেক্ষে প্রথম এক বছর অতিবাহিত হওয়ার পর পরবর্তী বছর হতে বার্ষিক ০.২৫ শতাংশ হারে অব্যবহিত পূর্ববর্তী দিনের গ্যারান্টিপ্রাপ্ত ঋণের মোট বকেয়া আসল স্থিতির উপর বার্ষিক ভিত্তিতে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে।

০৪। উপরোক্ত ৩নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা ব্যতিরেকে সিজিডি সার্কুলার নং-০১/২০২৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত সিজিডি সার্কুলার লেটার নং-০১, তারিখ: ০১ জুলাই ২০২৪ অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রণ করা হলো। উক্ত সার্কুলার লেটারের নির্দেশনা যথাযথভাবে পরিপালনপূর্বক ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় আবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
০৩/০৭/২০২৪
(আ. ন. ম. বজলুল করিম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭-১২০১৬৬
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

সংযুক্তিঃ বর্ণনামতে।

নং-বিকেবি-প্রকা/এসএমই বিঃ(শাখা-১)-৭(৮)/সিজিএস/২০২৪-২০২৫/০৮ তারিখঃ ০৩.০৭.২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।***
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Psarkar
(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

**বাংলাদেশ ব্যাংক**
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
**Website: www.bb.org.bd**

ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট

সিজিডি সার্কুলার লেটার নং- ০১

তারিখঃ ১ জুলাই ২০২৪ / ১৭ আষাঢ় ১৪৩১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) এবং আর্থিক অন্তর্ভুক্তি খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধার বিপরীতে গ্যারান্টি ফি প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে সিজিডি সার্কুলার নং-০১ তারিখ: ৮ নভেম্বর ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারে ক্রেডিট গ্যারান্টি ফি সংক্রান্ত অনুচ্ছেদ ৪.৬(ক) ও (খ) এর মাধ্যমে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট ও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক অংশগ্রহণ চুক্তির আওতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বাৎসরিক ভিত্তিতে প্রদেয় গ্যারান্টি ফি সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।

৩। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, ধনী-দরিদ্র ও আঞ্চলিক বৈষম্য হ্রাস, নারীর ক্ষমতায়নসহ অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকরণে সিএমএসএমই ও আর্থিক অন্তর্ভুক্তি খাত গুরুত্বপূর্ণ অবদান রাখছে। সিএমএসএমই ও আর্থিক অন্তর্ভুক্তি খাতের উদ্যোক্তাদের মাঝে ক্রেডিট গ্যারান্টি সুবিধা অধিকতর ব্যয় সাশ্রয়ী ও সহজলভ্য করার লক্ষ্যে গ্যারান্টি সুবিধার বিপরীতে প্রদেয় ফি হ্রাস করার আবশ্যকতা পরিলক্ষিত হয়েছে।

৪। এক্ষণে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ক্রেডিট গ্যারান্টি স্কিমে অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে গ্যারান্টি রেজিস্ট্রেশনপ্রাপ্ত ঋণের উপর প্রথম এক বছরের জন্য ০.৫০ শতাংশ হারে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। গ্যারান্টি চলমান থাকা সাপেক্ষে প্রথম এক বছর অতিবাহিত হওয়ার পর পরবর্তী বছর হতে বার্ষিক ০.২৫ শতাংশ হারে অব্যবহিত পূর্ববর্তী দিনের গ্যারান্টিপ্রাপ্ত ঋণের মোট বকেয়া আসল স্থিতির উপর বার্ষিক ভিত্তিতে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে।

৫। উল্লিখিত ৪নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা ব্যতিরেকে সিজিডি সার্কুলার নং-০১/২০২৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(নাহিদ রহমান)
পরিচালক (সিজিডি)
ফোনঃ ৯৫৩০১৭৯